

## একাকী নারী এবং ঝড়

ঝড় : প্রচন্ড ঝড়  
খোলা জানালা  
গাছের ডাল পাল্লা নড়া  
বাতাসের ঝাপটায় তোলপাড়  
বাইরের খোলা পৃথিবী ।

নারী; এক একাকী নারী  
আছে বসে একা।

বিষন্ন : বিষাদে  
চিন্তিত : অবসাদে  
“প্রিয় মানুষ নেই ঘরে ” ।

বাইরে ঝড়; বাইরে মন  
হৃদয়ে আলোড়ন  
হৃদয়ে ঝড়  
নারী : এক একাকী নারী  
আছে বসে একা ।

শংকিত : অসহায় দৃষ্টি  
টলমল : ছল ছল জলে  
ভেসে থাকা দু'নয়নে  
নারী : এক একাকী নারী  
আছে বসে একা ।  
“প্রিয় মানুষ নেই ঘরে ” ।  
নেই মন : নেই স্বজন ।  
বাইরে ঝড়; প্রচন্ড ঝড়  
ঝড়ে তোলপাড় এ জীবন ।  
নেই জন; নেই প্রিয়জন ।